

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬১১৩

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - আশারাহ্ মুবাশশারা রাযিয়াল্লাহু আনহুমা-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

الفصل الاول (بَابُ مَنَاقِبِ الْعَشَرَةِ رَضِيَ اللَّهُ عَنْهُمْ)

আরবী

وَعَنْ سَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ قَالَ: إِنِّي لَأَوَّلُ الْعَرَبِ رَمَى بِسَهْمِ فِي سَبِيل الله. مُتَّفق عَلَيْهِ

متفق عليم ، رواه البخارى (3728) و مسلم 16 / 2966)، (7433) ـ (مُتَّفَقٌ عَلَيْهِ)

বাংলা

৬১১৩-[৬] সা'দ ইবনু আবূ ওয়াক্কাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, 'আরবদের (ইসলাম গ্রহণকারীদের মধ্যে আমিই সর্বপ্রথম লোক, যে আল্লাহর পথে তীর নিক্ষেপ করেছে। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: বুখারী ৩৭২৮, মুসলিম ২৯৬৬, ইবনু মাজাহ ১৩১, মুসনাদে আহমাদ ১৫৬৬, সহীহ আত্ তারগীব ওয়াত তারহীব ৩৩১১, আস্ সুনানুল কুবরা লিন্ নাসায়ী ৮২১৮, হিলইয়াতুল আওলিয়া ৮/৩৮৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসে সা'দ (রাঃ) যে বীর পুরুষ ছিলেন তার একটি নিদর্শন ফুটে উঠেছে। তিনি কাপুরুষ ছিলেন না। অন্য একটি সহীহ হাদীসে আছে, যখন তাঁর বিরুদ্ধে কাপুরুষের অভিযোগ নিয়ে আসা হয়েছিল তখন তিনি তাদের জবাব দেয়ার জন্য এ কথা বলেছিলেন। (সম্পাদকীয়)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সা'দ বিন আবৃ ওয়াক্কাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন